জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন:৭৭৯১০৪৫-৫১
ফ্যাক্স:০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu

প্রেস বিজ্ঞপ্তি

ইস্টার্ন ইউনিভার্সিটিতে জাতীয় বিতর্ক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান–
২০২৪ এর গণ-অভ্যুত্থানের মধ্য দিয়ে যে গণ-আকাঙ্ক্ষা তৈরি হয়েছে, ন্যায্যতা প্রতিষ্ঠার মধ্য দিয়ে সেই গণ-আকাঙ্ক্ষা প্রতিষ্ঠা করতে হবে

- জাবি উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসান

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২৯ সেপ্টেম্বর ২০২৫

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসান বলেছেন, ২০২৪ এর গণ-অভ্যুত্থানের মধ্য দিয়ে যে গণ-আকাঙ্ক্ষা তৈরি হয়েছে, সেই গণ-আকাঙ্ক্ষার লক্ষ্য ন্যায্যতা প্রতিষ্ঠা করা। তিনি বলেন, আমাদের তরুণ প্রজন্ম নিজেদের জীবন দিয়ে দেখিয়েছেন যে, রাষ্ট্র পরিচালনায় নিযুক্ত আমাদের অভিভাবকরা ব্যর্থ হয়েছেন। এই ব্যর্থতার দায়ে তাঁদেরকে উৎখাত করা হয়েছে। এখন তরুণ প্রজন্মের আশা-আকাঙ্ক্ষার আলোকে রাষ্ট্রকে গড়ে তুলতে হবে। আজ বেলা এগারোটায় ইস্টার্ন ইউনিভার্সিটি ডিবেট ক্লাব আয়োজিত জাতীয় বিতর্ক প্রতিযোগিতা ২০২৫ এর চূড়ান্ত প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য এসব কথা বলেন। অনুষ্ঠানে ইস্টার্ন ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. ফরিদ আহমদ সোবহানীর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে ইস্টার্ন ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান আবুল কাশেম হায়দার, কোষাধ্যক্ষ অধ্যাপক মো.সামছুল হুদা, রেজিস্ট্রার ড. আবুল বাশার খান, ইস্টার্ন ইউনিভার্সিটি ডিবেট ক্লাবের নেতৃবৃন্দ, বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী এবং প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে আগত বিতার্কিকগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে প্রধান অতিথি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসান তাঁর বক্তব্যে আরও বলেন, সমাজে ন্যায়-নীতি প্রতিষ্ঠার জন্য যুক্তির অনুশীলনের আবশ্যকতা রয়েছে। বিতার্কিকরা যৌক্তিকভাবে চিন্তা করেন। তাঁরা অপরের মতামত ও বক্তব্যের প্রতি শ্রদ্ধা ও সম্মান জানানোর পাশাপাশি নিজেদের বক্তব্য যৌক্তিকভাবে উপস্থাপন করেন। আলোকিত সমাজ গড়তে এই বিতার্কিকদের ভূমিকা অপরিসীম। তিনি বিতর্ক প্রসারে বিতর্ক সংগঠনগুলোকে অব্যাহত প্রচেষ্টা চালানো ওপর গুরুত্বারোপ করেন। উপাচার্য বিতর্ক প্রতিযোগিতায় বিজয়ীদের অভিনন্দন জানান এবং রাষ্ট্রের সকল পর্যায়ে নৈতিক মূল্যবোধের অবক্ষয় রোধে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানান।

বিতর্ক প্রতিযোগিতায় দেশের ৩২টি বিশ্ববিদ্যালয় এবং ২৮টি কলেজ অংশগ্রহণ করে। কলেজ পর্যায়ে ঢাকার সরকারি বিজ্ঞান কলেজ এবং বিশ্ববিদ্যালয় পর্যায়ে বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যায় চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি
পরিচালক (ভারপ্রাপ্ত)